সমকাল

তারিখ ....10 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# ডিপ্লোমা মেডিকেল এডুকেশন বোর্ড চালুর দাবি

■ সমকাল প্রতিবেদক

ডিপ্লোমা মেডিকেল এডুকেশন বোর্ড চালুসহ পাঁচ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানিয়েছে বেকার মেডিকেল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টরা। রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধনের পর সমাবেশে তারা এ দাবি জানান। বেকার অ্যান্ড প্রাইভেট সার্ভিসেস মেডিকেল টেকনোলজিস্ট অ্যাসোসিয়েশন (বিপিএসএমটিএ) এবং বেকার ডিপ্লোমা ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন (বিবিডিপিএ) এ কর্মসূচির আয়োজন করে।

শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে জহিরুল ইসলাম, শেখ সাদী, নুরুন নবী, সাকিল উদ্দিন, আফরোজ আলী, আব্দুল জলিল প্রমুখ বক্তৃতা করেন। অন্য দাবিগুলো হলো– নিয়োগবিধি সংশোধন করে বেকার মেডিকেল টেকনোলজিস্ট ও ফার্মাসিস্টদের সরকারি চাকরিতে নিয়োগ ও নতুন পদ সৃষ্টি, কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি কোর্স বন্ধ করা, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ ও ফার্মেসি কাউন্সিল পরিচালিত মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি কোর্স ৪ বছর করা, বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে ফার্মেসি কাউন্সিল থেকে সনদপ্রাপ্তদের নিয়োগের নীতিমালার দ্রুত বাস্তবায়ন।